



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/23/2023

গভর্নর ক্যাথি হোকল

## AR-15 কে 'মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় বন্দুক' করতে প্রতিনিধি স্যান্টোসের বিল স্পন্সর করা প্রসঙ্গে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"এটি অত্যন্ত আপত্তিকর ও ভয়ঙ্কর ব্যাপার যে নিউ ইয়র্কের কংগ্রেসম্যান স্যান্টোস, AR-15 কে 'মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় বন্দুক' করার বিধিমালার সাথে নিজের নাম জড়িত করেছেন। যুদ্ধের এই অস্ত্রটি মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে গণ গুলিবর্ষণের ঘটনায় ব্যবহার করা হয়েছে - আমার হোমটাউন বাফেলো থেকে শুরু করে, যেখানে একজন শূটার একটি পরিবর্তিত AR-15 ব্যবহার করে শ্বেতাঙ্গ আধিপত্যবাদী সন্ত্রাসী হামলার ঘণ্য একটি ঘটনায় দশজনকে হত্যা করে, ফ্লোরিডায় পার্কল্যান্ড পর্যন্ত, যেখানে শূটার একটি AR-15 ধাঁচের অস্ত্র ব্যবহার করে সতেরজন নিরীহ মানুষকে হত্যা করে। পার্কল্যান্ডে নিহত ব্যক্তিদের পরিবার ও বন্ধুরা বন্দুক নিরাপত্তার বীরোচিত অ্যাডভোকেট হয়ে উঠেছে - যার মধ্যে আছে ডিক্স হিলসের বেইগেল-স্কুলম্যান পরিবার যারা তাদের ছেলে স্কটের স্মৃতিতে পরিবর্তনের জন্য লড়াই করছে। এমন ভয়ঙ্কর সব মর্মান্তিক ঘটনায় ব্যবহৃত এই অস্ত্রকে মহিমান্বিত করার প্রয়াস এই বিলটি এইসব পরিবারের শোকের ক্ষমার অযোগ্য অপমান করে। এটি কখনই আইন হওয়া উচিত নয়, এবং কংগ্রেসম্যান স্যান্টোসের যদি নিউ ইয়র্কবাসীর প্রতি কোনও সম্মান থাকে তাহলে তার উচিত অবিলম্বে এর থেকে নিজের নাম প্রত্যাহার করা।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এগজিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)